## সামাজিক বনায়নের উপকারভোগীদের লভ্যাংশ বিতরণে ডিজিটাল ডাটাবেইজ তৈরী করণ

সামাজিক বনায়নে সৃজিত গাছের লভ্যাংশ উপকারভোগীদের মাঝে পৌছাতে নানা ভোগান্তি পোহাতে হয়। এ ভোগান্তি নিরসনে তৈরী হচ্ছে ডিজিটাল ডাটাবেজ। এতে বর্ণিত লভ্যাংশ সহজে প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় কাগজপত্র সহ চুক্তিনামা উপকারভোগী নির্বাচনের সময়ই সংযুক্ত রাখা হবে। উদ্ভাবনী পন্থায় স্বল্প সময়ে ভোগান্তি ছাড়াই জনগণকে আর্থিক সুবিধা প্রদান করা সম্ভব হবে। এতে লভ্যাংশ প্রাপ্তির সংবাদ মোবাইল এপস এর মাধ্যমে জানা যাবে এবং প্রদেয় টাকা অনলাইনে উপকারভোগীর ব্যাংক একাউন্টে জমা হবে।

—— বন বিভাগ

## মোবাইল এপস এর মাধ্যমে উদ্ভিদ নমুনা সনাক্তকরণ

উদ্ভিদ নমুনা সনাক্তকরণ ও অ্যাক্সেশন নম্বর প্রদান সহ হারবেরিয়াম গবেষণার অনুমতি প্রদানে সেবা সহজীকরণের জন্য একটা মোবাইল এপস তৈরি করা হবে। এপসটির মাধ্যমে সেবা গ্রহীতা সহজে ও স্বল্প সময়ে সেবা গ্রহণ করতে পারবে। এ এপস গুগল প্লে স্টোরে সংযোজন করা হবে এবং তা ব্যবহার করে সেবা গ্রহীতা তথ্য পূরণ পূর্বক কাঙ্খিত সেবা গ্রহণের জন্য সহজে আবেদন করতে পারবে এবং আবেদনটি অটো নথিভুক্ত হয়ে সংশ্লিষ্ট দপ্তরে চলে যাবে। পরবর্তী সময়ে পুশ নোটিফিকেশনের মাধ্যমে সেবা গ্রহীতাকে মোবাইলে অবহিত করা হবে। এক্ষেত্রে সিস্টেম ড্যাস বোর্ডের মাধ্যমে প্রদত্ত সেবা, সেবা গ্রহীতা ও সেবা প্রদানকারীর তথ্যাদি মনিটরিং এর ব্যবস্থা থাকবে।

—— বাংলাদেশ ন্যাশনাল হার্বেরিয়াম

## রাবার বিক্রয় করণ প্রক্রিয়া সহজীকরণ

আসবাবপত্র ও কাঠজাত পণ্য বিক্রয়ে রাবার সেক্টর গত কয়েক বছর ধরে ক্রমাগত ভাবে লোকসানের সম্মুখীন হচ্ছে। বিক্রয় প্রক্রিয়ায় অধিক সময় লাগে, ফলে রাবারের মজুদ বৃদ্ধি পায় ও গুণগত মান হ্রাস পায় এবং মজুদ রাবার নিম্নতর গ্রেডে রূপান্তরিত হয়। এজন্য নির্ধারিত মূল্যের চেয়ে অনেক কম মূল্যে রাবার বিক্রয় করতে হয়। উৎপাদিত রাবারের উপযুক্ত মূল্য প্রাপ্তির লক্ষ্যে সঠিক সময়ে বিক্রয়ের জন্য বিক্রয় করণ প্রক্রিয়া সহজীকরণে একটি অনলাইন সেবা নির্বাচন করা হয়েছে। উক্ত সেবার মাধ্যমে ক্রেতাদের চাহিদা প্রাপ্তির সাথে সাথে গুনগত মান সম্পন্ন রাবার সঠিক সময়ে বিক্রয়ের মাধ্যমে রাবার সেক্টরের লোকসান কমে আসবে।

—— বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশন



# বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২০-২০২১

**(উদ্ভাবনী উদ্যোগ বা সেবা সহজীকরণের ধারনা)**

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় নাগরিক সেবা প্রদান প্রক্রিয়াকে সহজ করা এবং মন্ত্রণালয়ের কাজের গুণগত মান বৃদ্ধির মাধ্যমে সেবা দান প্রক্রিয়ায় সকলের দায়বদ্ধতা সৃষ্টির লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কাজ করে চলেছে। এ কর্ম পরিকল্পনার দুটি অন্যতম কার্যক্রম হচ্ছে: উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ এবং সেবা প্রক্রিয়া সহজীকরণ। এ কার্যক্রম বাস্তবায়নে এ মন্ত্রণালয়ে একটি ইনোভেশন টিম রয়েছে, যা মন্ত্রিপরিষদ বিভাগের জারীকৃত নির্দেশিকা অনুযায়ী কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ধাপে ধাপে প্রশিক্ষণের ব্যবস্থা এবং উদ্ভাবনী উদ্যোগ বা সেবা সহজীকরণের ধারনার জন্য কর্মশালার আয়োজন করে থাকে। প্রতি বছরের ন্যায় মন্ত্রণালয়ের আহবানে এ বছরে ৯ টি উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণের প্রস্তাব পাওয়া গিয়েছে। মন্ত্রণালয় এবং এর অধীন অধিদপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত উক্ত প্রস্তাব সমূহ যাচাই বাছাই অন্তে প্রকাশ করা হলো।



**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**



## মামলা ব্যবস্থাপনা সহজীকরণ

মামলা ব্যবস্থাপনা সহজীকরণের জন্য সফ্টওয়্যারের মাধ্যমে একটি ওয়েব বেইজড ডাটাবেজ প্রস্তুত করা হবে যেখানে মামলা সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অর্ন্তভূক্ত থাকবে। এর ফলে বর্তমান ব্যবস্থার তুলনায় মন্ত্রণালয়, অধিদপ্তর/সংস্থার মামলা সমূহ দ্রুত নিস্পত্তির জন্য কার্যক্রম গ্রহণ করা যাবে এবং সলিসিটর উইং ও এ্যাটর্নি জেনারেলের সঙ্গে যোগাযোগ রক্ষা, মামলার রিপোর্ট তৈরি এবং সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা সহজতর হবে।

—— পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-১

## মন্ত্রণালয়ের কর্মকর্তাদের মধ্যে অফিস স্টেশনারী সরবরাহ

বর্তমানে মন্ত্রণালয়ের কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং দ্রুততার সাথে নথি নিস্পন্ন করা জরুরি হওয়ায় তাৎক্ষনিক ভাবে বিভিন্ন পর্যায়ে স্টেশনারী দ্রব্যাদির চাহিদা বৃদ্ধি পেয়েছে। কাজের গতিশীলতা অব্যাহত রাখতে স্বল্পসময়ে স্টেশনারী সরবরাহের উদ্যোগ গ্রহন করা হয়েছে।

—— পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-৩

## আবেদন / আপীল নিস্পত্তি সহজীকরণ

পরিবেশ অধিদপ্তরের মামলায় ব্যক্তি বা প্রতিষ্ঠানকে জরিমানা ধার্য করা হলে তা মওকুফের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে আপীলের আবেদন করতে হয়। আপীলকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সময় ও খরচ সাশ্রয়ের লক্ষ্যে আপীল আবেদন অনলাইনে সম্পন্নের জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। এর ফলে আবেদনকারী শুনানির তারিখ সহ মামলার বিষয় ইমেইল এবং SMS এর মাধ্যমে জানতে পারবেন।

—— পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-২

## অনলাইন পেমেন্ট ইন ইসিসি

পরিবেশগত ছাড়পত্রের আবেদন গ্রহণ এবং ছাড়পত্র প্রদান অনলাইনে হলেও ছাড়পত্রের ফি প্রদান কার্যক্রমটি সনাতন পদ্ধতিতে চলছে। ফলে সেবা গ্রহীতাগণ সমস্যার সম্মুখীন হচ্ছেন। পরিবেশগত ছাড়পত্রের অটোমেশন সফ্টওয়্যারে ইলেকট্রনিক ট্রেজারি চালান ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে ফি পরিশোধের সুযোগ সৃষ্টি হবে। সেবা গ্রহীতাগণ সোনালী ব্যাংক বা বিভিন্ন ধরনের কার্ড ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সহজেই ফি পরিশোধ করতে পারবেন।

—— পরিবেশ অধিদপ্তর



## প্রকল্পের কার্যক্রম বিষয়ে ডিজিটাল ডাটাবেইজ তৈরি

জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডে গৃহীত বিপুল সংখ্যক প্রকল্পের তথ্যাদি সংরক্ষণসহ প্রকল্প বাস্তবায়নে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এ সমস্যা দূরীকরণে একটি ডিজিটাল ডাটাবেইজ তৈরি করা হবে। এতে প্রকল্প সমূহের যাবতীয় তথ্য সুবিন্যস্ত আকারে সংরক্ষিত থাকবে। ফলে প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতির তথ্যাদি সহজে এবং স্বল্প সময়ে জানা যাবে এবং এর অগ্রগতি প্রতিবেদন নিয়মিত ভাবে পাওয়া সহজ হবে। এছাড়া প্রকল্পের কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে মনিটরিং করা যাবে।

—— বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড

## মোবাইল এপস ও বনজ বৃক্ষের পোকা- মাকড় ও রোগ-বালাই দমন

বনজ নার্সারি, বাগান অথবা প্রাকৃতিক বন কোন প্রকার রোগ-বালাই বা পোকা-মাকড় দ্বারা আক্রান্ত হলে এর প্রতিকার বা প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করতে মোবাইল এপস ব্যবহার করা যায়। এ মোবাইল এপসের মধ্যে বাংলাদেশের গুরুত্বপূর্ণ বনজ বৃক্ষের উল্লেখযোগ্য সকল পোকা-মাকড় ও রোগ-বালাই এর আক্রমণের লক্ষণ, ক্ষতির ধরন, প্রতিরোধ বা প্রতিকার ব্যবস্থা অন্তর্ভূক্ত থাকবে। বনজ নার্সারি, বাগান বা বন রোগ-বালাই বা পোকা-মাকড় দ্বারা আক্রান্ত হলে উদ্ভাবিত এপস ব্যবহার করে সেবা গ্রহীতাগণ তাৎক্ষণিক ভাবে এর প্রতিকার বা প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করতে পারবে। ফলে রোগ বালাই ও ক্ষতিকর পোকা মাকড় থেকে বন ও বনজ সম্পদ রক্ষা করা সহজ হবে।

—— বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট

